

তারিখ : ১০ আগস্ট, ২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত



পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পিবিপ্রবি)-এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অদ্য ১০ আগস্ট ২০২৫ খ্রি. সকাল ১০:৩০ টায় অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলামের সভাপতিত্বে সামাজিক উন্নয়ন সংস্থা ডাক দিয়ে যাই অডিটোরিয়ামে এ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. হোসেন উদ্দিন শেখর উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে জুলাই গণঅভ্যুত্থানে নিহত ছাত্র-জনতার মৃত্যুতে শোক প্রকাশ এবং তাদের স্মরণে দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়। পরে পিবিপ্রবির বিজ্ঞান অনুষদের ডিন ড. আকতার হোসেন বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে নবীন শিক্ষার্থীদের শুভেচ্ছা ও স্বাগত জানান।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. হোসেন উদ্দিন শেখর বলেন, পিরোজপুর নবীনতম একটি বিশ্ববিদ্যালয়। এজন্য যেন কারো মনে হীনমন্যতা কাজ না করে। তোমাদের হাত ধরে এই বিশ্ববিদ্যালয় একদিন মহীরুহ হয়ে উঠবে। সেই পথ তোমরাই তৈরি করবে। এ সময় তিনি শিক্ষার্থীদের জীবনের প্রতিটি মুহূর্ত উপভোগ করার এবং দেশ ও জাতির কল্যাণে নিজেদের নিয়োজিত রাখার আহ্বান জানান। তিনি আরও বলেন, শিক্ষার্থীরা অনেক স্বপ্ন নিয়ে বিশ্ববিদ্যালয়ে আসে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দায়িত্ব শিক্ষার্থীদের সেই স্বপ্ন বাস্তবায়ন করা। তিনি বিশ্ববিদ্যালয়কে সকল ধরনের রাজনীতি থেকে মুক্ত রাখার আহ্বান জানান।

পিবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম ভর্তিযুদ্ধে জয়ী হয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ অর্জন করায় শিক্ষার্থীদের অভিনন্দন জানান। তিনি বলেন, ভালো ফল করেও অনেকে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ পায়নি। সেদিক থেকে তোমরা অবশ্যই ভাগ্যবান। তবে তোমাদের সামনে এখনও অনেক পথ বাকি। এ সময় তিনি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে রাজনীতিমুক্ত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। মাননীয় উপাচার্য আরও বলেন, আমি সকল অভিভাবককে আশ্বস্ত করতে চাই, আমার সন্তানদের আমি যেভাবে দেখি, আপনার সন্তানকেও একইভাবে দেখা হবে। আপনারা আমাদের ওপর সেই ভরসা রাখতে পারেন।



জুলাই গণঅভ্যুত্থানে আত্মদানকারী শহীদদের রুহের মাগফিরাত কামনা করে পিবিপ্রবি উপাচার্য বলেন, জুলাই বিপ্লবের স্বপ্ন বাস্তবায়নে শিক্ষার্থীদের অগ্রণী ভূমিকা রাখতে হবে। এজন্য সবার আগে নিজেকে বদলাতে হবে, নিজেদের সং ও যোগ্য নাগরিক হিসেবে তৈরি করতে হবে। এমন কিছু করা যাবে না যাতে বাবা-মা ও পরিবারের দুর্নাম হয়। কাউকে আশাহত করা যাবে না। সবাইকে নিয়ে আমাদের পথ চলতে হবে। এ সময় মাননীয় উপাচার্য শিক্ষার্থীদের রাজনীতিতে না জড়ানোর পরামর্শ দেন।

অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম শিক্ষার্থীদের ছাত্রজীবন শেষ করার আগেই স্থায়ী ক্যাম্পাসে ক্লাস করানোর এবং শিক্ষার্থীদের জন্য আরও একটি আবাসিক হলের ব্যবস্থা করার আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. আনিসুর রহমান, পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান ড. কামাল হোসেন, পিবিপ্রবির পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান ড. মো. মুছা খান, গণিত বিভাগের সহকারী অধ্যাপক ও অস্থায়ী ছাত্র হলের প্রভোস্ট ড. এম. এম. আয়ুব হুসাইন, সাইকোলজি বিভাগের চেয়ারম্যান শারমিন ইসলাম নিপা প্রমুখ।

এ ছাড়া নবীনদের স্বাগত জানিয়ে শিক্ষার্থীদের মধ্য থেকে পরিসংখ্যান বিভাগের আসিফ আকতার, সাইকোলজি বিভাগের নুসরাত জাহান বুপা এবং নবীন শিক্ষার্থীদের মধ্যে গণিত বিভাগের সামিউল হায়দার, সিএসই বিভাগের শেখ সাঈদ আনোয়ার ও অভিভাবকদের মধ্যে মো. জসিম উদ্দিন বক্তব্য রাখেন।

এর আগে পবিত্র কোরআন তিলাওয়াত ও গীতা পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। পরবর্তীতে নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেওয়ার পর শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পরিচয়পর্ব সম্পন্ন হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

(মুশাহিদ হোসেন তালুকদার)
প্রকাশনা ও জনসংযোগ দপ্তর
প্রয়োজনে: ০১৫২১-২১১৩৬৩